গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মে ২০১৭ মাসে অনুষ্ঠিত ১০ম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ শফিকুল ইসলাম লস্কর মহাপরিচালক
সভার তারিখ	২৫ মে ,২০১৭
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ২৩ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যতালিকা অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃ নঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১	অধিদপ্তরের (২০১৬-১৭) অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন অগ্রগতি।	(ক) চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA)লক্ষ্যমাত্রা অনুযায়ী বাজার অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় মনিটরিং অব্যাহত রাখার তাগিদ প্রদান করা হয়। ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া বাণিজ্য মন্ত্রণালয়ে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। (খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) লক্ষ্যমাত্রা অনুযায়ী ১২টি গনশুনানী অনুষ্ঠানের তাগিদ রয়েছে। এ পর্যন্ত প্রধান কার্যালয়ে ৩১টি গণশুনানী, অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ে ৩০৮টি বাজার অভিযান, ৮৯টি গণশুনানী, ১৩টি মতবিনিময় সভা হয়েছে এবং চলতি অর্থ বছরে ৯৫% অভিযোগ নিষ্পত্তি করার তাগিদ রয়েছে। এর মধ্যে এ পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রায় ৮৯% নিষ্পত্তি করা হয়েছে। (গ) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের বাজার অভিযান, গণশুনানী, মতবিনিময় সভা এবং অভিযোগ নিষ্পত্তির পরিসংখ্যান প্রধান কার্যালয় বরাবর প্রেরণ।	(ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA)লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) প্রমাপ অনুযায়ী বাজার অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় মনিটরিং অব্যাহত রাখতে হবে। (গ) অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের বাজার অভিযান, গণশুনানী, মতবিনিময় সভা এবং অভিযোগ নিষ্পত্তির সঠিক পরিসংখ্যান নিয়মিত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন ও অর্থ),পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) এবং বিভাগীয় উপপরিচালক (সকল)
০২	জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)।	অত্র অধিদপ্তরের ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে অধিদপ্তরের (২০১৬-২০১৭) অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের ১ম ও ২য় ত্রৈমাসিক অর্জন সংক্রান্ত প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রধান কার্যালয়ের ১৭ নভেম্বর ২০১৬ তারিখ ও ০২ জানুয়ারি ২০১৭ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক অত্র অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে (২০১৬-২০১৭) অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা এবং বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।	জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কাঠামো নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার লক্ষে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	প্রশাসন শাখা ও *NIS কমিটি* এবং বিভাগীয় উপপরিচালক (সকল)
০৩	নিজস্ব উদ্ভাবনী ধারণা (Innovation)।	ইতোমধ্যে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২৩ অক্টোবর ২০১৬ তারিখের ২৬.০৪.০০০০. ১০৮.০৫.১৮৭.১৬. নম্বর স্মারকের মাধ্যমে অধিদপ্তরের ০৩টি নিজস্ব উদ্ভাবনী ধারণা বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ অব্যাহত রয়েছে এবং ২৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য পত্র দেয়া হলে ইতিমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক নতুন উদ্ভাবনী উদ্যোগ পাওয়া গিয়েছে। সাম্প্রতি বাণিজ্য মন্তণালয় কর্তৃক YouTube এ ভোক্তা অধিকার বিষয়ক Channel খোলার বিষয়ে ইতিবাচক সাড়া পাওয়া গেছে।	সেবা প্রদান দ্রুত এবং নির্বিঘ্ন করার লক্ষ্যে নতুন উদ্ভাবনী প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে।	অধিদপ্তরের সকল কর্মকর্তা
০৪	অডিট আপত্তি	সকল অডিট আপত্তি ইতোমধ্যে নিস্পত্তি করা হয়েছে। বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মাসিক সভার আলোচ্যসূচিতে অডিট আপত্তি বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মাসিক সভার আলোচ্যসূচিতে অডিট আপত্তি বিষয়ে আলোচনা অব্যাহত আছে।	প্রশাসন শাখা

০৫	দাপ্তরিক ই-মেইল ব্যবহারে কর্মকর্তাগণকে উৎসাহিতকরণ	অধিদপ্তরের ওয়েবসাইটের ডোমেইন এর আওতায় দপ্তরিক মোট ৮৬টি ই-মেইল আইডি ইস্যু করা হয়েছে এবং ই-মেইলের মাধ্যমে পত্র যোগাযোগ অব্যাহত রয়েছে।	কর্মকর্তাগণকে তাঁদের পদবীর বিপরীতে ইস্যুকৃত ই-মেইলসমূহ দাপ্তরিক কাজে ব্যবহার অব্যাহত রাখতে হবে।	সকল কর্মকর্তা
০৬	অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ।	অধিদপ্তরের ওয়েবসাইট দৈনিক ভিত্তিতে হালনাগাদ করা হয়।	অধিদপ্তরের ওয়েবসাইট দৈনিক ভিত্তিতে হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	প্রশাসন শাখা এবং কার্যক্রম ও গবেষণাগার শাখা
০৭	অধিদপ্তরের শাখা পরিদর্শন।	ইতোমধ্যে অত্র অধিদপ্তরের প্রশাসন, পরিষদ ও অর্থ, কার্যক্রম, তদন্ত শাখাসমূহ সহকারি পরিচালকগণ কর্তৃক পরিদর্শন করা হয়েছে ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ) পরিষদ ও অর্থ শাখা এবং উপপরিচালক (কার্যক্রম) কার্যক্রম শাখা পরিদর্শন করে ইতোমধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন অর্থ্যাৎ কর্মকর্তাগণ মহাপরিচালক বরাবর পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) এবং অধিদপ্তরে কর্মরত সকল সহকারী পরিচালক তাঁদের স্ব স্ব শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	পুনরায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার সকল কর্মকর্তা তাঁদের স্ব স্ব শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট শাখার সকল কর্মকর্তা, প্রধান কার্যালয়
০৮	চলমান মামলাসমূহ নিষ্পত্তিকরণসহ স্পর্শকাতর মামলা মনিটর।	বর্তমানে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সংক্রান্ত ২৫টি রীট পিটিশন রয়েছে এবং ২৩টি রীট পিটিশনের দফাওয়ারী জবাব (এসএফ) বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ সলিসিটর উইং এ প্রেরণ করা হয়েছে এবং ২টি রীট পিটিশনের দফাওয়ারী জবাব (এসএফ) বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ সলিসিটর উইং এ প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ রয়েছে। কজলিস্টে অর্ন্তভূক্তি সাপেক্ষে রীট পিটিশনের সর্বশেষ অবস্থা জেনে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সংক্রান্ত ২৫ টি রীট পিটিশন রয়েছে এবং ২৩টি রীট পিটিশনের দফাওয়ারী জবাব (এসএফ) বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ সলিসিটর উইং এ প্রেরণ করা হয়েছে এবং ২টি রীট পিটিশনের দফাওয়ারী জবাব (এসএফ) বাণিজ্য মন্ত্রণালয়ের মাধ্যমে বিজ্ঞ সলিসিটর উইং এ প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ রয়েছে। কজলিস্টে অর্ন্তভূক্তি সাপেক্ষে রীট পিটিশনের সর্বশেষ অবস্থা জেনে ব্যবস্থা গ্রহণ করা হবে।	পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)
০৯	ই-ফাইলিং	অধিদপ্তরের ই-ফাইলিং কার্যক্রম ০৮ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ প্রশাসন, পরিষদ ও অর্থ শাখায় লাইভ প্রাথমিকভাবে শুরু করা হয়েছে। বর্তমানে সীমিত পরিসরে বর্ণিত কার্যক্রম চলমান বিধায় অধিদপ্তরের অন্যান্য শাখায় ই-ফাইলিং কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। ভোক্তা কর্তৃক অধিদপ্তরে সরাসরি দাখিলকৃত অভিযোগসমূহও ই-নথির মাধ্যমে নাগরিক কর্ণারে গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	অধিদপ্তরের অন্যান্য শাখায় ই-ফাইলিং কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং সকল শাখা হতে ই-ফাইলিংকৃত পত্রের হার্ডকপিও প্রেরণ করতে হবে। ভোক্তা কর্তৃক অধিদপ্তরে সরাসরি দাখিলকৃত অভিযোগসমূহ ই-নথির মাধ্যমে নাগরিক কর্ণারে গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহীত হয়।	পরিচালক (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শফিকুল ইসলাম লস্কর
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.০৬.০০১.১৭.২৮

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৪
৩০ মে, ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, কার্যক্রম ও গবেষণাগার বিভাগ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
২) পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
৩) উপসচিব (সংযুক্ত), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা
৪) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা বিভাগীয় কার্যালয়, ঢাকা
৫) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
৬) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৭) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা
৮) উপপরিাচলক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট
৯) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর
১০) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়, বরিশাল
১১) উপ পরিচালক, প্রশাসন ও অর্থ উপ বিভাগ , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১২) উপ পরিচালক, গবেষণাগার উপ বিভাগ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১৩) উপ পরিচালক, কার্যক্রম উপ বিভাগ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১৪) উপ পরিচালক, প্রশিক্ষণ ও প্রচার উপ বিভাগ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১৫) একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
১৬) উপসচিব (প্রশাসন-৫), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭) সহকারী পরিচালক, পরিষদ ও অর্থ শাখা , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১৮) সহকারী পরিচালক, প্রশাসন শাখা , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১৯) সহকারী পরিচালক, তদন্ত শাখা , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
২০) সহকারী পরিচালক, কার্যক্রম শাখা , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
২১) সহকারী পরিচালক, গবেষণাগার শাখা , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
২২) সহকারী পরিচালক, প্রশিক্ষণ ও প্রচার শাখা, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
২৩) পরীক্ষক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

মোহাম্মদ মামুনুল হাসান
সহকারী পরিচালক
০২-৮১৮৯৪২৬